

প্রথম অধ্যায়ঃ অর্থায়নের সূচনা

১. অর্থায়ন কী?

উত্তরঃ প্রতিষ্ঠানের প্রয়োজনীয় অর্থের পরিকল্পনা, সংস্থান, ব্যবহার এবং নিয়ন্ত্রণ সম্পর্কীয় কার্যাবলিকে অর্থায়ন বলে।

২. ব্যবসায় অর্থায়ন কী?

উত্তরঃ ব্যবসায় অর্থায়ন বলতে একটি ব্যবসা সঠিকভাবে পরিচালনা করতে কি পরিমাণ মূলধরনের প্রয়োজন, কোন কোন উৎস হতে তা সংগ্রহ করা হবে এবং কোন কোন খাতে তা বিনিয়োগ করা হবে তা বুঝায়।

৩. সরকারি অর্থায়ন কী।

উত্তরঃ সরকারি অর্থায়ন বলতে সরকারের বার্ষিক ব্যয় কোন কোন খাতে কী পরিমাণে হবে এবং সেই অর্থ কোন কোন উৎস হতে সংগ্রহ করা হবে তা নির্ধারণ করাকে বুঝায়।

৪. পারিবারিক অর্থায়ন কী ?

উত্তরঃ পারিবারিক অর্থায়ন বলতে পরিবারের আয়ের উৎস ও পরিমাণ নির্ধারণ করা, সেই আয় কীভাবে ব্যয় করলে পরিবারের সকল সদস্যদের ভালো হয়, তা নির্ধারণ করাকে বুঝায়।

৫. ব্যবসায়ের সামাজিক দায়িত্ব কী।

উত্তরঃ সমাজের প্রতি ব্যবসায়ের যে দায়িত্ব তাকেই সহজ অর্থে ব্যবসায়ের সামাজিক দায়িত্ব বলে।

৬. ঝুঁকি ও মুনাফার মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর।

উত্তরঃ প্রত্যাশিত ফলাফল ও প্রকৃত ফলাফলের পার্থক্য হচ্ছে ঝুঁকি। ঝুঁকি গ্রহণের ফল হচ্ছে মুনাফা। ঝুঁকি ও মুনাফা মধ্যে সম্মুখী সম্পর্ক বিদ্যমান। কারণ একজন বিনিয়োগকারী অধিক ঝুঁকি গ্রহণ করলে সেখান হতে অধিক মুনাফা প্রত্যাশা করে।

৭. তারল্য ও মুনাফার মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর।

উত্তরঃ তারল্য ও মুনাফার মধ্যে বিপরীতমুখী সম্পর্ক বিদ্যমান। অর্থাৎ তারল্য হ্রাস পেলে মুনাফা বৃদ্ধি পায় এবং তারল্য বৃদ্ধি পেলে মুনাফা হ্রাস পায়। কারণ নগদ অর্থ বা তারল্য যত বেশি থাকবে বিনিয়োগের পরিমাণ তত কম হয়। বিনিয়োগ হতে মুনাফা অর্জিত হয়। ফলে বিনিয়োগ কম হলে মুনাফার পরিমাণও কম হবে। অন্যদিকে তারল্য কম হলে বিনিয়োগ বেশি হবে এবং মুনাফার পরিমাণও বৃদ্ধি পাবে।

৮. বৈচিত্র্যায়ন বা বহুমুখীকরণ নীতি কী?

উত্তরঃ কোন ব্যবসায়ী বা বিনিয়োগকারী তার সকল অর্থ একটি খাতে বিনিয়োগ না করে একাধিক খাতে বিনিয়োগ করবে যাতে ঝুঁকি হ্রাস পায়।

৯. মুনাফা সর্বাধিকরণ কী?

উত্তরঃ কোন ফার্ম বা ব্যবসায় প্রতিষ্ঠানের মুনাফা বৃদ্ধি করাকে মুনাফা সর্বাধিকরণ বলে।

১০. সম্পদ সর্বোচ্চকরণ কী?

উত্তরঃ সম্পদ সর্বোচ্চকরণ বলতে কোম্পানির শেয়ারের বাজারমূল্য বৃদ্ধি করণকে বুঝায়।